গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ
ময়মনসিংহ।
www.dpe.mymensinghdiv.gov.bd

# মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষক, অভিভাবক, সুধী সমাবেশের কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আলী রেজা, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
তারিখ : ২২/১১/২০২৩
সময় : সকাল ১০:০০ ঘটিকা
সভা : ভার্চুয়াল

**Meeting ID : 5354019203**
**Password : ddm123**

সভাপতি মহোদয় সকলকে যথাসময়ে সমাবেশে সংযুক্ত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচী অনুসারে জনাব মো: শফিকুল ইসলাম, শিক্ষা অফিসার, উপপরিচালকের কার্যালয়-কে আলোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। বিভাগের সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্ট, প্রত্যেক জেলার নির্বাচিত উপজেলা শিক্ষা অফিসার ও ইউআরসি ইন্সট্রাক্টর স্ব-স্ব জেলা ও উপজেলা কার্যালয়ের কার্যক্রম তুলে ধরেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:

| ক্রমিক | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি | সভাপতি জানান কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকায় কারণে অনেক ছাত্র-ছাত্রী বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে। মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে তাদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার প্রতি গুরুত্বারোপ করেন। আলোচনায় বিভাগের ৪টি জেলার শিক্ষক, কর্মকর্তা ও মা/অভিভাবকবৃন্দ শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির বিষয়ে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজনের উপর আলোকপাত করে। এছাড়াও প্রতিমাসে সমাবেশের মাধ্যমে ও ফোনে অথবা বাড়ী-বাড়ী যেয়ে অভিভাবকগণকে মোটিভেশন দিয়ে শতভাগ উপস্থিতি বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এছাড়াও অংশগ্রহণকারীগণ প্রাথমিকের অর্জনগুলোর প্রচারের মাধ্যমে উপস্থিতি বৃদ্ধির বিষয়ে মত প্রকাশ করেন। | (১) কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকায় কারণে অনেক ছাত্র-ছাত্রী বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে। মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে তাদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রতিমাসে সমাবেশের মাধ্যমে ও ফোনে অথবা বাড়ী-বাড়ী যেয়ে অভিভাবকগণকে মোটিভেশন দিয়ে শতভাগ উপস্থিতি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) প্রাথমিকের অর্জনগুলোর প্রচারের মাধ্যমে উপস্থিতি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)<br>২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)<br>৪। ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)<br>৫। শিক্ষক (সকল) |
| ০২ | শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত আলোচনা | সভাপতি জানান কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকায় কারণে ছাত্র-ছাত্রীদের শিখন শেখানো যে ঘাটতি হয়েছে তা পূরণ করার লক্ষ্যে অফ পিরিয়ডে ছাত্র-ছাত্রীদের নিয়ে ক্লাস করানোর প্রতি গুরুত্বারোপ করেন। বিভাগের ৪টি জেলার শিক্ষক, কর্মকর্তা ও মা/অভিভাবকবৃন্দ শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির বিষয়ে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজন করে সকলকে সচেতন করে যাচ্ছেন বলে জানান। | (১) কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকায় কারণে ছাত্র-ছাত্রীদের শিখন শেখানো যে ঘাটতি হয়েছে তা পূরণ করার লক্ষ্যে অফ পিরিয়ডে ছাত্র-ছাত্রীদের নিয়ে ক্লাস করানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) শিক্ষক, কর্মকর্তা ও মা/অভিভাবকবৃন্দ শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির বিষয়ে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও শ্রেণিভিত্তিক মা সমাবেশের আয়োজন করে সকলকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)<br>২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)<br>৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)<br>৪। ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)<br>৫। শিক্ষক (সকল) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ সংক্রান্ত আলোচনা | আলোচনায় অংশগ্রহণকারী সকলে জানান বিদ্যালয়সহ আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ ব্যাপারে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ সহযোগিতা করবেন। সকল পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শনকালে বিষয়টি অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) বিদ্যালয়সহ আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণের সহযোগিতা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সকল পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শনকালে বিষয়টি অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উজেলা শিক্ষা অফিসার (সকল)<br>২। ইন্সট্রাক্টর (সকল)<br>৩। শিক্ষক (সকল) |
| ০৪ | দুপুরের খাবার নিশ্চিতকরণ | সভাপতি ছাত্র-ছাত্রীরা যেন দুপুরে মায়ের হাতের খাবার খেতে পারে সে ব্যাপারে মায়েদের প্রতি আহবান জানান। | ছাত্র-ছাত্রীরা যেন দুপুরে মায়ের হাতের খাবার খেতে পারে সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উজেলা শিক্ষা অফিসার (সকল)<br>২। ইন্সট্রাক্টর (সকল)<br>৩। শিক্ষক (সকল) |
| ০৫ | বইপড়া পাক্ষিক সম্পর্কিত আলোচনা | সভাপতি জানান শুধু পরীক্ষা দিয়ে শিশুকে বিদ্যালয়ে ধরে রাখা যাবেনা। এক্ষেত্রে পড়ার মানও বৃদ্ধি করতে হবে। এজন্য তিনি ডিসেম্বর ২০২৩ মাসের ১৭-৩১ তারিখ অর্থাৎ শেষ ১৫দিন "বইপড়া" পাক্ষিক হিসেবে ঘোষণা দেন। | ডিসেম্বর ২০২৩ মাসের ১৭-৩১ তারিখ অর্থাৎ শেষ ১৫দিন "বইপড়া" পাক্ষিক হিসেবে ঘোষণা সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডিপিইও (সকল)<br>২। সুপারিনটেনডেন্ট (সকল)<br>৩। উজেলা শিক্ষা অফিসার (সকল)<br>৪। ইন্সট্রাক্টর (সকল)<br>৫। শিক্ষক (সকল) |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সমাবেশের কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১৯/১২/২৩

(মোহাম্মদ আলী রেজা)
বিভাগীয় উপপরিচালক
02-997710283
ddpmymen@gmail.com

স্মারক নং: ৩৮.৪৫.০০০০.০০০.৯৯.০৫৪.১৯. ১১৮০

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০ / ১০ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
২। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। সংরক্ষণ নথি।

১০/১২/২৩

(মোহাম্মদ আলী রেজা)
বিভাগীয় উপপরিচালক
02-997710283
ddpmymen@gmail.com